নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের নিকট জিবরীল এসে বললেন, ‘বদর যুদ্ধে অংশ গ্রহণকারীদেরকে আপনারা আপনাদের মাঝে কিরূপ গণ্য করেন?’ তিনি বললেন, “সর্বশ্রেষ্ঠ মুসলিমদের অন্তর্ভুক্ত গণ্য করি।”

রিফা‘আহ ইবন রাফে‘ আয-যুরাকী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের নিকট জিবরীল এসে বললেন, ‘বদর যুদ্ধে অংশ গ্রহণকারীদেরকে আপনাদের মধ্যে কিরূপ গণ্য করেন?’ তিনি বললেন, “সর্বশ্রেষ্ঠ
মুসলিমদের অন্তর্ভুক্ত গণ্য করি” অথবা অনুরূপ কোনো বাক্যই তিনি বললেন। (জিবরীল) বললেন, ‘বদর যুদ্ধে অংশগ্রহণকারী ফিরিশতাগণও অনুরূপ। [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

বিশিষ্ট সাহাবী রিফা‘আহ রাদিয়াল্লাহু ‘আনহু আমাদের অবহিত করেন যে, জিবরীল আলাইহিস সালাম রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট এসে তাকে বললেন, বদর যুদ্ধে যারা শহীদ হয়েছেন তাদের মর্যাদা কী? যে যুদ্ধে আল্লাহ তা‘আলা তার নবীকে এবং তার সাথে থাকা মুমিনদেরকে পুরোপুরি সাহায্য করেছিল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তারা আমাদের নিকট সর্বোত্তম মুসলিম। এ কথার উত্তরে জিবরীল আলাইহিস সালাম বললেন, এ যুদ্ধে ফিরিশতাদের থেকে যারা উপস্থিত হয়েছে এবং যুদ্ধ করেছে তারাও সর্বোত্তম।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4925